# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি অন্ধকার রাতে মসজিদে হেটে গমন করে, মহান আল্লাহ অনুগ্রহ করে তাকে কিয়ামতের দিন নূর দান করবেন, যার মাধ্যমে সে ব্যক্তি ঐ সমাবেশে পথ চলবেন (আমরা আল্লাহর কাছে ঐ দিনের বারাকাহ প্রার্থনা করছি)

## ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْمَاشِي فِي الظُّلَمِ إِلَى الْمَسَاجِدِ بِنُورٍ يَوْمَ الْقِيَامَةِ يَمْشِي بِهِ فِي ذَلِكَ الْجَمْعِ نَسْأَلُ اللَّهَ بَرَكَةَ ذَلِكَ الْجَمْعِ

আরবী

2044 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ أَبُو عَرُوبَةَ بِحَرَّانَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ زَيْدٍ الْخَطَّابِيُّ وَأَيُّوبُ بْنُ مُحَمَّدٍ الْوَزَّانُ قَالَا: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو عَنْ زَيْدِ بن أبي أنيسة عَنْ جُنَادَةَ بْنِ أَبِي أُمَيَّةَ عَنْ مَكْحُولٍ عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ عَنْ أَبِي الدَّرْدَاءِ: عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (مَنْ مَشَى فِي ظُلْمَةِ اللَّيْلِ إِلَى المساجد آتاه الله نوراً يوم القيامة)

الراوي : أَبُو الدَّرْدَاءِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2044 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 160)

قَالَ أَبُو حَاتِمٍ: هَكَذَا حَدَّثَنَا أَبُو عَرُوبَةَ فَقَالَ: جُنَادَةُ بْنُ أَبِي أُمَيَّةَ وَإِنَّمَا هُوَ جُنَادَةُ بْنُ أَبِي خَالِدٍ وَجُنَادَةُ بْنُ أَبِي أُمَيَّةَ مِنَ التَّابِعِينَ أَقْدَمُ مِنْ مَكْحُولٍ وَجُنَادَةُ بْنُ أَبِي خَالِدٍ مِنْ أَتْبَاعِ التَّابِعِينَ وَهُمَا شاميان ثقتان.

বাংলা

২০৪৪. আবু দারদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি রাতের আধারে মাসজিদে গমন করবে, আল্লাহ তাকে কিয়ামতের দিন নূর দান করবেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ আরূবা আমাদেরকে এভাবেই হাদীস বর্ণনা করেছেন, তিনি বলেছেন, “জুনাদাহ বিন আবূ উমাইয়াহ। বস্তুত সেটা হবে জুনাদাহ বিন আবূ খালিদ। আর জুনাদাহ বিন আবূ উমাইয়াহ তাবে‘ঈদের অন্তর্ভুক্ত। তিনি মাকহুলের চেয়েও বেশি অগ্রগামী। আর জুনাদাহ বিন আবূ খালিদ তাবে‘ তাবে‘ঈ। তারা দুই জনেই শামের নির্ভরযোগ্য রাবী।”

## ফুটনোট

[1] সুয়ূতী, আল জামি‘উল কাবীর: ২/৮৩৮; আবূ দাউদ: ৫৬১; তিরমিযী: ২২৩; ইবনু মাজাহ: ৭৮১; হাকিম: ১/২১২; সুনান বাইহাকী: ৩/৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১/১৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন